

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান প্রকৌশলীর কার্যালয়

গণপূর্ত অধিদপ্তর

হিসাব শাখা-১

পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

www.pwd.gov.bd



নির্বাহী প্রকৌশলীর কার্যালয়			
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা-২, ঢাকা।			
ক্র.সং.	তারিখ:	২০২২/০৫/১৬	
সং.সং.	প্রকল্প/সংস্থা:	৮	
সং.সং.	সং.সং.	সং.সং.	সং.সং.

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০০৮.২৩.৪০৯

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪৩০

৩০ মে ২০২৩

বিষয়: ২০২২-২০২৩ আর্থিক সালে "ঐতিহাসিক রোজ গার্ডেন এর প্রত্নতাত্ত্বিক সংস্কার-সংরক্ষণ এবং ঢাকা মহানগর জাদুঘর স্থাপন" শীর্ষক প্রকল্পে অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত কাজের জন্য চলতি ২০২২-২০২৩ আর্থিক সালে খরচ করার জন্য ১৭২.৬৬ লক্ষ (এক কোটি বাহাত্তর লক্ষ ছেষাট্টি হাজার) টাকা মাত্র বরাদ্দ করা হলো।

উক্ত খরচ মহাপরিচালক ও প্রকল্প পরিচালক, "ঐতিহাসিক রোজ গার্ডেন এর প্রত্নতাত্ত্বিক সংস্কার-সংরক্ষণ এবং ঢাকা মহানগর জাদুঘর স্থাপন" শীর্ষক প্রকল্প, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা এর স্মারক নং-৮৮ তারিখ-০৩/০৫/২০২৩খ্রিঃ কর্তৃক মঞ্জুরীকৃত ১৭২.৬৬ লক্ষ টাকা হিসাবের কোড নং-৪১১১৩১৭-অন্যান্য ভবন ও স্থাপনা খাতের ২০২২-২০২৩ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে বহন/সংকুলান করতে হবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পর্যবেক্ষণ/পালন পূর্বক খরচ করে অত্র দপ্তরকে অবহিত করতে হবে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ করতে হবেঃ

- ১। প্রত্যাশি সংস্থার সাথে যোগাযোগ করে অনুমোদিত প্রাঙ্কলন অনুযায়ী কাজ সম্পাদন করতে হবে।
- ২। বরাদ্দকৃত অর্থ চলতি অর্থ বছরে খরচ করতে হবে এবং খরচের হিসাব অত্র দপ্তর/প্রত্যাশী সংস্থার নিকট প্রেরণ করতে হবে।
- ৩। বরাদ্দকৃত অর্থ খরচের ক্ষেত্রে ভবিষ্যতে কোন প্রকার অনিয়ম উদ্ঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।
- ৪। এই অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান এবং মঞ্জুরী পত্রে উল্লেখিত শর্তসমূহ অনুসরণ পূর্বক খরচ করতে হবে।
- ৫। অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে অত্র দপ্তরে/প্রত্যাশি সংস্থার নিকট সমর্পণ করতে হবে।

৩০-৫-২০২৩

মোঃ মাহাবুব হাসান

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়) (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২২২৩৩৮৮৯১৪

ইমেইল: se_coord@pwd.gov.bd

নির্বাহী প্রকৌশলী

গণপূর্ত রক্ষণাবেক্ষণ বিভাগ, ঢাকা

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০০৮.২৩.৪০৯/১

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪৩০

৩০ মে ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) হিসাব মহা-নিয়ন্ত্রক, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
- ২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস)/ (পওবিপ্র), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।